

স্মারক নং-এসটিইপি/প্রশা (১)/১৭.০২(স্টাইপেন্ড) পার্ট-৩/২০১৬-১৬১৭

তারিখ : ১৩ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ

**বিষয় : STEP শীর্ষক প্রকল্পের আওতায় সরকারি/বেসরকারি ১৬২টি যোগ্য (Eligible) ডিপ্লোমা লেভেল পলিটেকনিক ইনস্টিটিউটের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম সেমিস্টারে নতুন ভর্তিকৃত Male এবং Female Student-দের পূরণকৃত Stipend Application Form প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, STEP শীর্ষক প্রকল্পের আওতায় সরকারি/বেসরকারি ১৬২টি যোগ্য (Eligible) ডিপ্লোমা লেভেল পলিটেকনিক ইনস্টিটিউটের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম পর্বে এবং কারিগরি শিক্ষা বোর্ড এর সর্বশেষ প্রবিধান মতে সরাসরি ৩য় পর্বে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের লক্ষ্যে Male এবং Female Student-দের জন্য পৃথক Stipend Application Form এবং উক্ত ফরম যথাযথ ভাবে পূরণের নিমিত্তে একটি নির্দেশনাবলী প্রেরণ করা হলো। উল্লেখ্য, উক্ত আবেদন ফরম পূরণের প্রয়োজনীয় নির্দেশনাবলী প্রকল্পের ওয়েব সাইটেও দেওয়া হয়েছে। বর্ণিত আবেদন ফরম ও পূরণের নির্দেশনাবলী সকল আবেদনকারী শিক্ষার্থীকে প্রদান করতে হবে এবং একই সাথে নোটিশ বোর্ডেও টানিয়ে দিতে হবে। শিক্ষার্থীগণ যাতে সঠিক তথ্যসহকারে আবেদন পত্র পূরণ করে সে বিষয়ে শিক্ষার্থীগণকে বিশেষভাবে সহযোগিতা ও নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো। কেননা শিক্ষার্থীদের প্রদত্ত সকল তথ্য House hold Verification এর মাধ্যমে যাচাই করা হবে।

২। অভিজ্ঞতায় দেখা গেছে যে, শিক্ষার্থীগণ আবেদন ফরমটি পূরণে প্রায়ই সাধারণ কিছু ভুল করে থাকেন। সাধারণ ভুলের কিছু নমুনা নিম্নে দেওয়া হলো:

- শিক্ষার্থীগণ তাদের রেজিস্ট্রেশনে বর্ণিত পুরো নাম লেখেন না।
- কেউ কেউ শুধু Capital Letter এ, আবার কেউ শুধু Small Letter এ, আবার কেউ উভয় প্রকারে নাম লিখে একাধিক ফরম পূরণ করেন।
- রেজিস্ট্রেশন নম্বরের সকল ডিজিট লেখেন না, আবার লেখা স্পষ্ট হয় না ইত্যাদি।

৩। বৃত্তির জন্য বিধিমতে নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তে মাসিক ৮০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হবে।

**শর্তাবলী :**


- সকল ক্লাশে ৭৫% উপস্থিতি নিশ্চিত করা,
- পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণ হওয়া, এবং
- আবেদন পত্রে বর্ণিত সকল তথ্যাদি সঠিক হওয়া।

৪। আগ্রহী শিক্ষার্থীগণের পূরণকৃত আবেদনপত্র সমূহ তাদের নিকট হতে আগামী ২৬.১২.২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে জমা নেওয়ার জন্য অধ্যক্ষ মহোদয়গণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৫। Male এবং Female Student -দের নিকট হতে সংগৃহীত আবেদনপত্র সমূহ আগামী ২৭.১২.২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সংযুক্ত ছকে Male এবং Female শিরোনামে পৃথক প্যাকেটে টপশীট ব্যবহারপূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

**৬। উল্লেখ্য, প্রস্তাবিত আরডিপিপি-III অনুমোদন সাপেক্ষেই কেবল বৃত্তি প্রদান করা হবে।**

প্রাপক :  
অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান,  
১৬২টি সরকারি/বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।

  
এ বি এম আজাদ এনজিনি  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ০২-৮১৮১৪৫৭

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে :**

- সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- জনাব, মোঃ মোখলেসুর রহমান, সিনিয়র অপারেসন্স অফিসার, বিশ্ব ব্যাংক, ঢাকা।
- অফিস কপি/মাস্টার কপি।